দৈনিক সংবাদ

তারিখ ...
পৃষ্ঠা ৩ ... কলাম ১

# ঠাকুরগাঁওয়ে শিক্ষা সংক্রান্ত সম্মেলন অনুষ্ঠিত

ঠাকুরগাঁও থেকে জেলা বার্তা পরিবেশক ঃ ঠাকুরগাঁওয়ের শিক্ষার মান উন্নয়ন ও শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনার লক্ষ্যে এ প্রথম ঠাকুরগাঁও জেলা প্রশাসনের উদ্যোগে ১৭ই জুলাই স্থানীয় পৌরমিলনায়তনে 'শিক্ষার মান উন্নয়ন ও নকলমুক্ত পরিবেশে পরীক্ষা গ্রহণ' শীর্ষক সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলন উদ্বোধন করেন কৃষি প্রতিমন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর। সমাপনী অধিবেশনে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন শিক্ষা প্রতিমন্ত্রী আ.ন.ম এহ্ছানুল হক মিলন এবং বিশেষ অতিথি হিসেবে ছিলেন সাংসদ হাফিজ উদ্দিন। জেলা প্রশাসক জালাল আহমেদ সম্মেলনে সভাপতিত্ব করেন। এ সম্মেলনে জেলার ২শ' ৫৮টি মাধ্যমিক বিদ্যালয়, ৩৪টি মহাবিদ্যালয়, ৮৭টি মাদ্রাসার প্রতিনিধি, রাজনৈতিক দল, গণ্যমান্য ব্যক্তিবর্গ ও বিভিন্ন পেশাজীবী সংগঠনের নেতৃবৃন্দ অংশগ্রহণ করেন। সম্মেলনে কলেজ ও স্কুলের প্রধানদের নিয়ে গঠিত ৫টি সুপারিশ কমিটির ও উপস্থিত সকলের সুপারিশমালা গ্রহণ করে শিক্ষা প্রতিমন্ত্রীর কাছে পেশ করা হয়।